



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং- বামাশিবো/প্রশাসন/যশোর-১৮৮/২২৫৫/৫

তারিখঃ ১৫/০৩/২০১৯খ্রিঃ

বিষয়ঃ যশোর জেলার মনিরামপুর উপজেলাধীন রাজগঞ্জ মোবারকপুর মহিলা আলিম মাদ্রাসার অধ্যক্ষ জনাব আব্দুস সালামকে চাকুরীতে পুনর্বহাল পূর্বক বোর্ডকে অবহিতকরণ প্রসঙ্গে।

সূত্র : ১) জনাব মোঃ আব্দুস ছালাম এর ২৯/১০/২০১৭খ্রিঃ তারিখের আবেদন
২) রিট পিটিশন নং- ১১০৩/২০১৮ এর আদেশ
৩) নং- বামাশিবো/সংস্থাপন/বাস্তবায়ন/এ-৪/৩৯৯/৭; তারিখঃ ২০/০৬/২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, যশোর জেলার মনিরামপুর উপজেলাধীন রাজগঞ্জ মোবারকপুর মহিলা আলিম মাদ্রাসার অধ্যক্ষ জনাব আব্দুস সালাম এর চাকরি থেকে অপসারণ অনুমোদনের বিষয়টি গত ১৬/০৫/২০১৬খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সভায় উপস্থাপন করা হয়।

মাদ্রাসা কর্তৃপক্ষ কর্তৃক দাখিলকৃত কাগজপত্র, উভয় পক্ষের উপস্থিত লিখিত ও মৌখিক বক্তব্য এবং স্ব-স্ব পক্ষের সমর্থনীয় কাগজপত্র বিস্তারিত পর্যালোচনাতে আপিল এন্ড আরবিট্রেশন কমিটি কর্তৃক “জনাব আব্দুস সালামকে অধ্যক্ষ পদে পুনর্বহালকরণের জন্য মাদ্রাসা কর্তৃপক্ষকে পত্র প্রেরণ এবং সভাপতির বিরুদ্ধে তদন্ত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার” বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে গত ১৮/০৫/২০১৬খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার ১৭৭তম সভায় আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্তটি অনুমোদন করার হয়। অনুমোদনের পর আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত মোতাবেক জনাব আব্দুস সালামকে অধ্যক্ষ পদে যোগদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক বোর্ডকে অবহিত করার জন্য মাদ্রাসা গভার্ণিং বডির সভাপতি ও ভারপ্রাপ্ত অধ্যক্ষকে সূত্রে উল্লিখিত ৩নং স্মারকে পত্র দেয়া হয়।

অপরদিকে চাকুরীতে পুনর্বহালের আদেশ থাকা সত্ত্বেও গভার্ণিং বডি কর্তৃক বাস্তবায়িত না হওয়ায় তাদের বিরুদ্ধে শাস্তি কামনা করে অধ্যক্ষ মোঃ আব্দুস ছালাম কর্তৃক গত ২৯/১০/২০১৭খ্রিঃ তারিখে একখানা আবেদন দাখিল করেন। একই বিষয় উল্লেখ করে মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং- ১১০৩/২০১৮ এর শ্রেফিতে মহামান্য হাইকোর্ট অধ্যক্ষ মোঃ আব্দুস ছালাম কর্তৃক গত ২৯/১০/২০১৭খ্রিঃ তারিখের আবেদন নিষ্পত্তির জন্য বোর্ডকে দায়িত্ব প্রদান করা হলেও আদেশের কপি মাদ্রাসা সংক্রান্ত নথিতে পাওয়া যায়নি বিধায় কোন ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হয়নি।

মহামান্য হাইকোর্টের আদেশ যথাযথভাবে বাস্তবায়িত না হওয়ায় অধ্যক্ষ মোঃ আব্দুস ছালাম বাংলাদেশ স্প্রীমকোর্টের আইনজীবী মোঃ হুমায়ুন কবির এর মাধ্যমে অত্র বোর্ডে Notice For Moving Contempt Petition প্রেরণ করেছেন। উক্ত নোটিশের বর্ণনা বিস্তারিত পর্যালোচনাতে রিট পিটিশন নং- ১১০৩/২০১৮ এর আদেশ সম্পর্কে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড অবহিত হয়েছে।

বর্ণিত অবস্থায় গত ১৬/০৫/২০১৬খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত এবং সূত্রোক্ত ৩নং স্মারকের পত্র মোতাবেক আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে মোঃ আব্দুস ছালামকে স্ব-পদে পুনর্বহালপূর্বক বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডকে অবহিত করার জন্য গভার্ণিং বডির সভাপতি ও ভারপ্রাপ্ত অধ্যক্ষকে পুনরায় অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

শাঃ

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) সভাপতি গভার্ণিং বডি;
২) অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), রাজগঞ্জ মোবারকপুর মহিলা আলিম মাদ্রাসা, মনিরামপুর, যশোর।

নং- বামাশিবো/প্রশাসন/যশোর-১৮৮/২২৫৫/৫

তারিখঃ ১৫/০৩/২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

- ১। জেলা প্রশাসক, যশোর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, মনিরামপুর, যশোর।
- ৩। জেলা শিক্ষা অফিসার, যশোর।
- ৪। জনাব জনাব আব্দুস সালাম, অধ্যক্ষ, রাজগঞ্জ মোবারকপুর মহিলা আলিম মাদ্রাসা, মনিরামপুর, যশোর।
- ৫। পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। অফিস কপি।

শাঃ

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬৭৪৮৭৪